বার্ষিক প্রতিবেদন

২০১৬-১৭



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

www.wewb.gov.bd

বার্ষিক প্রতিবেদন

২০১৬-১৭



ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি

প্রধান পৃষ্ঠপোষক

জনাব নুরুল ইসলাম বিএসসি
মাননীয় মন্ত্রী
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

উপদেষ্টামণ্ডলী

ড. নমিতা হালদার এনডিসি
ভারপ্রাপ্ত সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

জনাব গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

কমিটি

জনাব মোঃ শফিকুল ইসলাম - সভাপতি
যুগ্মসচিব ও পরিচালক (অর্থ ও কল্যাণ)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

নূরুন আখতার - সদস্য
উপসচিব ও পরিচালক (আইআরপি)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

জনাব মোঃ জাহিদ আনোয়ার - সদস্য
সহকারী পরিচালক
(তথ্য ও জনসংযোগ)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

জনাব পাপ্পু মজুমদার - সদস্য
প্রোগ্রামার (ওয়েব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

জনাব মোঃ জহিরুল ইসলাম - সদস্য সচিব
উপসচিব ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

প্রকাশকাল

ডিসেম্বর ২০১৭

কম্পিউটার গ্রাফিক্স

তাজ মোহাম্মদ

মুদ্রণ

লেটার প্রেস
২৪৬ বিশ্ববিদ্যালয় মার্কেট, কাঁটাবন, ঢাকা।

নুরুল ইসলাম বিএসসি
মন্ত্রী
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

বাণী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭ প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। প্রতিষ্ঠানটি বিশ্বের ১৬৫টি দেশে কর্মরত এক কোটির অধিক বাংলাদেশি কর্মী এবং তাদের পরিবারের চার কোটি সদস্যের কল্যাণে সততা, নিষ্ঠা ও মানবিকতা নিয়ে কাজ করে যাচ্ছে। অত্যন্ত দ্রুততম সময়ের মধ্যে কর্মী ও তাদের পরিবারের সদস্যদের সেবা প্রদানে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড যে দৃষ্টান্ত স্থাপন করেছে বার্ষিক প্রতিবেদন প্রকাশের মাধ্যমে এর প্রতিফলন ঘটবে। এর ফলে দেশের সাধারণ মানুষের মধ্যে প্রতিষ্ঠানটির কার্যক্রম সম্পর্কে একটি চিত্র দৃশ্যমান হবে।

বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ বিশ্বে উন্নয়নের রোল মডেল হিসেবে আত্মপ্রকাশ করেছে। এর পেছনে প্রবাসী বাংলাদেশি কর্মীদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। দেশের উন্নয়নে প্রবাসী কর্মীদের অবদান এবং তাদের পরিবারের ত্যাগ কৃতজ্ঞতা ও স্বীকৃতির সাথে স্মরণ করছি।

প্রবাসী কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণ নিশ্চিতকরণ এবং জীবনমান উন্নয়নে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড নতুন নতুন উদ্যোগ গ্রহণ করে চলেছে। তাদের সন্তানদের উচ্চ শিক্ষায় উৎসাহ যোগাতে শিক্ষাবৃত্তি প্রদান এবং অনাবাসী বাংলাদেশিদের কল্যাণ বোর্ডের সদস্যপদ প্রদান করা হচ্ছে। প্রবাসী সন্তানদের জন্য আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল এবং অভিবাসী অধ্যুষিত এলাকায় আবাসনের পরিকল্পনা করা হয়েছে। এছাড়াও বিদেশগামী সকল কর্মীকে বিমা সুবিধার আওতায় আনার উদ্যোগ নেওয়া হয়েছে। সেবা সমূহ ডিজিটাইজেশন এবং নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করায় আমি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি।

আমি বিশ্বাস করি, সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীর ঐকান্তিক প্রচেষ্টায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সেবা প্রদানে আরও নতুন নতুন দৃষ্টান্ত স্থাপন করবে। সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নে আরও অত্যন্ত আন্তরিকতা ও দক্ষতার সাথে কাজ করবে। ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করায় আমি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(নুরুল ইসলাম বিএসসি)

ড. নমিতা হালদার এনডিসি

ভারপ্রাপ্ত সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

ও চেয়ারপার্সন, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

বাণী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭ প্রকাশ করা হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মী এবং তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণ নিশ্চিতকরণে প্রতিশ্রুতিবদ্ধ। প্রতিষ্ঠানটি বিদেশগামী কর্মীদের প্রাক বহির্গমন ব্রিফিং প্রদান, বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের সহায়তা, তাঁদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে কোটা সংরক্ষণ, প্রবাসে মৃত্যুবরণকারী বৈধ কর্মীদের মৃতদেহ দেশে আনয়ন, অ্যাম্বুলেন্স সুবিধা প্রদানসহ মৃতদেহ পরিবহন ও দাফন খরচ প্রদান, পরিবারকে আর্থিক অনুদান প্রদান, মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্স্যুরেন্স/সার্ভিস বেনিফিট আদায়ে সহায়তা করছে। এছাড়া প্রবাসে আটক ও বিপদগ্রস্ত কর্মীদের আইনগত সহায়তা প্রদান ও ফেরত আনয়ন, স্থানীয় প্রশাসনের মাধ্যমে প্রশাসনিক ও আইনগত সহায়তা, অসুস্থ কর্মীদের দেশে আনয়ন ও চিকিৎসার্থে আর্থিক সাহায্য প্রদান, বিপদগ্রস্ত নারী কর্মীদের সেইফ হোমে আশ্রয় প্রদানসহ কর্মরত কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণে কাজ করছে। মানবিক এসব কাজ করে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ইতোমধ্যে উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হয়েছে।

অনাবাসী বাংলাদেশিদের দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে তাদেরকে কল্যাণ বোর্ডের সদস্যপদ প্রদান করা হচ্ছে। এছাড়া বিদেশগামী সকল কর্মীকে ইন্স্যুরেন্সের আওতায় আনার উদ্যোগ গ্রহণ করায় আমি কল্যাণ বোর্ডকে বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি।

আমি আশা করি, বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ এবং ভিশন-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের জন্য নতুন নতুন উদ্যোগ গ্রহণ করবে। বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭ প্রকাশের উদ্যোগ গ্রহণ করায় আমি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কে আন্তরিক অভিনন্দন জানাই।

(ড. নমিতা হালদার এনডিসি**)**

গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

বাণী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণ সাধনে কাজ করে যাচ্ছে। তাঁদের মর্যাদা, অধিকার রক্ষা, জীবনমান উন্নয়ন এবং বহুমুখী কল্যাণ নিশ্চিতকরণে ইতোমধ্যে মন্ত্রিসভা কর্তৃক "ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৭" চূড়ান্ত অনুমোদন দেয়া হয়েছে। দীর্ঘ ৪৬ বছর পর সরকারের এ বোর্ড গঠন বাংলাদেশের ইতিহাসে একটি মাইলফলক। প্রতিষ্ঠানটি বিদেশগামী কর্মীদের প্রাক-বহির্গমন ব্রিফিং, বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীদের সহায়তা, তাঁদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান এবং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা প্রদান করছে। বিদেশে অসুস্থ কর্মীদের চিকিৎসার্থে আর্থিক সহায়তা, প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন এবং মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ আর্থিক সহায়তা, পরিবারকে এককালীন আর্থিক অনুদান এবং মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ইন্স্যুরেন্স/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট আদায় করে তা মৃতের ওয়ারিশদের নিকট বিতরণসহ তাদের কল্যাণে নানাবিধ কাজ করছে।

এছাড়া বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের শ্রম কল্যাণ উইংয়ের মাধ্যমে কর্মীদের আইনগত সহায়তা, আটক কর্মীদের মুক্তকরণ ও দেশে ফেরত আনয়ন, পঙ্গু ও অসুস্থ কর্মীদের সহায়তা, নারী কর্মীদের সেইফ হোমে আশ্রয়ের ব্যবস্থাসহ সকল ধরনের সহায়তা প্রদান করা হচ্ছে।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কর্মীর দোরগোড়ায় সেবাসমূহ পৌঁছে দিতে বোর্ডের কার্যক্রম ডিজিটাইজেশন করা হয়েছে। সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ এবং সময়সীমা নির্ধারণ করা হয়েছে। অনাবাসী প্রবাসী বাংলাদেশিদের (ডায়াসপোরা) দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে তাদেরকে বোর্ডের সদস্য পদ প্রদান করা হচ্ছে। এর ফলে তারা বোর্ড প্রদত্ত সকল সুযোগ সুবিধা গ্রহণ করতে সমর্থ হবেন।

বার্ষিক প্রতিবেদন, ২০১৬-১৭ প্রকাশের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সার্বিক চিত্র সাধারণ মানুষের মাঝে তুলে ধরার একটি প্রয়াস। এর মাধ্যমে বোর্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে বলে আমি বিশ্বাস করি। ভবিষ্যতে এ প্রতিষ্ঠান প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের কল্যাণে আরও কার্যকর ভূমিকা পালন করতে সক্ষম হবে। অত্যন্ত আন্তরিকতা, নিষ্ঠা এবং সততার সাথে সেবা প্রদান করায় আমি বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারীদের বিশেষভাবে ধন্যবাদ ও অভিনন্দন জানাই।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি**)**

সম্পাদকীয়

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হলো। তথ্য অধিকার আইন,২০০৯ অনুযায়ী স্বপ্রণোদিত তথ্য প্রকাশের অংশ হিসেবে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে বোর্ডের কার্যাবলি, সম্পাদিত কার্যক্রম, কর্মপরিকল্পনা, বাজেট এবং কর্মকর্তা-কর্মচারীদের তথ্যসহ অন্যান্য কার্যক্রমের বিবরণ সন্নিবেশিত করা হয়েছে।

প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ হিসেবে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। এরই অংশ হিসেবে প্রবাসী কর্মীর সন্তানদের লেখাপড়ায় উৎসাহ যোগাতে শিক্ষাবৃত্তি প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তিতে সহায়তা, নির্দিষ্ট সময়সীমার মধ্যে অসুস্থ ও মৃত কর্মীর পরিবারকে আর্থিক সহায়তা, বিদেশ হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও অন্যান্য অর্থ আদায় করে পরিবারের নিকট পৌঁছে দেয়া হচ্ছে। দেশে-বিদেশে কর্মী ও তাঁর পরিবারকে আইন সহায়তা, আটক কর্মীদের মুক্তকরণ, বিপদগ্রস্ত নারী কর্মীদের সেইফ হোমে আশ্রয় প্রদানসহ বিপদগ্রস্ত ও অসহায় কর্মীদের দেশে ফেরত আনা হচ্ছে। দীর্ঘ বছরের দাবীর পরিপ্রেক্ষিতে অনাবাসী বাংলাদেশিদের (ডায়াসপোরা) বোর্ডের সদস্যপদ প্রদান করা হয়েছে। বিদেশগামী সকল কর্মীর ইন্স্যুরেন্স সুবিধা প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। যা প্রশংসার দাবী রাখে।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে বোর্ডের কার্যক্রম ও সেবাসমূহ ডিজিটাইজড করা হয়েছে। এর মধ্যে ই-ফাইলিং, ইআরপি এবং ই-জিপি'র মাধ্যমে কার্যক্রম সম্পাদন ডিজিটাইজেশনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ফলে সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের পাশাপাশি প্রতিষ্ঠানের কার্যক্রমে গতিশীলতা এসেছে।

এছাড়া প্রবাসী কল্যাণ ব্যাংক এর পরিশোধিত মূলধন গঠনে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আরও ৫০ কোটি টাকাসহ মোট ১৪৫ কোটি টাকা প্রদান করায় বিদেশগামী দরিদ্র ও অস্বচ্ছল কর্মীরা জামানতবিহীন এবং সহজ শর্তে ঋণ সুবিধা পাবে। এর পাশাপাশি নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণে বিএমইটি'কে কারিগরি ও আর্থিক সহযোগিতা প্রদান অভিবাসন প্রক্রিয়াকে আরও স্বচ্ছ ও গতিশীল করবে।

মাননীয় মন্ত্রী জনাব নূরুল ইসলাম বিএসসি, ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বাণী দিয়ে আমাদের এ বার্ষিক প্রতিবেদন প্রকাশনাকে ঋদ্ধকরণের জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি।

২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশে মূল্যবান পরামর্শ ও দিকনির্দেশনা প্রদানের জন্য বোর্ডের মহাপরিচালকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। প্রতিবেদনটি তথ্য সমৃদ্ধ ও উৎকর্ষসাধনে যারা সহযোগিতা করেছেন তাঁদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। আন্তরিকতার ঘাটতি না থাকা সত্ত্বেও অনাকাঙ্ক্ষিত কোন ত্রুটি পরিলক্ষিত হলে পাঠক ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন বলে আশা করছি।

সম্পাদনা পরিষদ

সূচিপত্র

অধ্যায়-১: বোর্ডের পরিচিত

১.১ পটভূমি ৯
১.২ ভিশন ৯
১.৩ মিশন ৯

অধ্যায়-২: সচেতনতামূলক কার্যক্রম

২.১ প্রাক-বহির্গমন ব্রিফিং ১০
২.২ তৃণমূল পর্যায়ে প্রচার ১০
২.৩ প্রবাসে প্রচার ও চিত্ত বিনোদন ১০

অধ্যায়-৩: প্রবাসী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন ও পরিবারকে আর্থিক সহায়তা

৩.১ মৃতদেহ দেশে আনয়ন ১২
৩.২ মৃতদেহ আনয়নে ব্যয় ১৩
৩.৩ মৃতদেহ পরিবহন ও দাফন বাবদ সহায়তা ১৪
৩.৪ আর্থিক অনুদান ১৫
৩.৫ মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইন্স্যুরেন্সের অর্থ আদায় ও বিতরণ ১৬

অধ্যায়-৪: অসুস্থ কর্মীদের সহায়তা

৪.১ চিকিৎসার্থে আর্থিক সহায়তা ১৭
৪.২ অসুস্থ কর্মীদের হাসপাতালে ভর্তি ১৮
৪.৩ প্রবাসে অসুস্থ ও বিপদগ্রস্ত কর্মীর চিকিৎসা ১৮
৪.৪ এ্যাম্বুলেন্স ও অন্যান্য সুবিধা প্রদান ১৯

অধ্যায়-৫: আইনগত সহায়তা, নারী কর্মীদের আশ্রয় প্রদান এবং কর্মীদের ফেরৎ আনয়ন

৫.১ স্থানীয় প্রশাসনের মাধ্যমে আইন সহায়তা ২০
৫.২ প্রবাসে আইন সহায়তা ২০
৫.৩ সেইফ হোম স্থাপন ও পরিচালনা ২১
৫.৪ নারী কর্মীদের দেশে ফেরত প্রেরণ ২১
৫.৫ শারীরিকভাবে অক্ষম ও আটকে পড়া কর্মীদের দেশে ফেরত প্রেরণ ২২

অধ্যায়-৬: শিক্ষা কার্যক্রম

৬.১ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা ২৩
৬.২ শিক্ষাবৃত্তি প্রদান ২৩
৬.৩ প্রবাসে বাংলাদেশি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায় সহায়তা ২৩

অধ্যায়-৭: বিমানবন্দর সেবা

৭.১ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে সহায়তা ২৪
৭.২ নিরাপদ অভিবাসনে সহায়তা ২৪

অধ্যায়-৮: অর্জন

৮.১ "ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড" আইন প্রণয়ন ২৫
৮.২ বীমা সুবিধা প্রবর্তন ২৫
৮.৩ অনাবাসি বাংলাদেশিদের বোর্ডের সদস্যপদ প্রদান ২৫
৮.৪ প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপনে সহায়তা ২৫

অধ্যায়-৯: ডিজিটাইজেশন

৯.১ অনাবাসি বাংলাদেশি নিবন্ধন ২৫
৯.২ প্রবাস বন্ধু কল সেন্টার ২৫
৯.৩ অনলাইন অভিযোগ ২৬
৯.৪ সোস্যাল মিডিয়া ২৬
৯.৫ ই-ফাইলিং ২৬
৯.৬ ইআরপি ২৬

অধ্যায়-১০: ব্যয়ের বিবরণী (বোর্ড ও মিশন)

১০.১ বোর্ডের কেন্দ্রীয় ব্যয় ২৬
১০.২ ডিইএমও সমূহে বাজেট প্রদান ২৯
১০.৩ শ্রম কল্যাণ উইংয়ে বাজেট প্রদান ৩০

অধ্যায়-১১: উদ্ভাবনী কার্যক্রম, ২০১৬-১৭

১১.১ বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ৩১
১১.২ আর্থিক সাহায্য প্রদানের Flow চার্ট ৩২

অধ্যায়-১২: কার্যক্রমের পরিসংখ্যান

১২.১ মৃতদেহ আনয়নের দেশ ও মাস ওয়ারী পরিসংখ্যান ৩৩
১২.২ মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ আর্থিক সাহায্যের চেক হস্তান্তর ৩৫
১২.৩ মৃতের পরিবারকে আর্থিক অনুদান প্রদান ৩৭
১২.৪ আর্থিক অনুদান বিতরণ ৩৮
১২.৫ মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্সুরেন্সের অর্থ প্রদান ৩৯
১২.৬ মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্সুরেন্সের বাবদ আদায়কৃত অর্থ বিতরণ ৪০

অধ্যায়-১৩: অর্থবছর ভিত্তিক সেবা প্রদানের চিত্র

১৩.১ তিনটি আন্তর্জাতিক বিমানবন্দর হতে মৃতদেহ গ্রহণ (২০০৫-০৬ হতে ২০১৬-১৭) ৪১
১৩.২ মৃতদেহ পরিবহন ও দাফন বাবদ আর্থিক সাহায্য প্রদান (১৯৯৩-৯৪ হতে ২০১৬-১৭) ৪২
১৩.৩ আর্থিক অনুদান বিতরণ (১৯৯৬-৯৭ হতে ২০১৬-১৭) ৪৪
১৩.৪ মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্সুরেন্স/সার্ভিস বেনিফিট এর অর্থ আদায় ৪৬
১৩.৫ প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্সুরেন্স/সার্ভিস বেনিফিট এর অর্থ বিতরণ ৪৮
১৩.৬ শিক্ষা বৃত্তি প্রদান (২০১২-১৩ হতে ২০১৬-১৭) ৫০
১৩.৭ প্রাক-বহির্গমন ব্রিফিং গ্রহণকারী কর্মীর সংখ্যা ৫১

অধ্যায়-১৪: ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড পরিচালনা পরিষদ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

১৪.১ বোর্ড পরিচালনা পরিষদ সদস্যবৃন্দের পরিচিতি ৫২
১৪.২ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ও যোগাযোগ নম্বরসমূহ ৫৩
১৪.৩ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে নব যোগদানকৃত কর্মকর্তা-কর্মচারী (২০১৬-১৭) ৫৪

বাজেট ৫৫
ফটো গ্যালারী ৫৭

অধ্যায়-১

বোর্ডের পরিচিত

১.১ পটভূমি

বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত প্রবাসী বাংলাদেশি কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণে ১৯৯০ সাল থেকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কাজ করছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিধি অনুযায়ী ১১ সদস্যের একটি পরিচালনা বোর্ড ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া বোর্ডের সদস্য হিসেবে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক, বিএমইটির মহাপরিচালক, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং বায়রার প্রতিনিধি রয়েছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পরিচালক (অর্থ ও কল্যাণ) বোর্ডের সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করেন।

১.২ ভিশন

- প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের জন্য অর্থবহ ও টেকসই কল্যাণ নিশ্চিত করা।

১.৩ মিশন

- প্রবাসী কর্মীদের আইনগত সহায়তাসহ সার্বিক কল্যাণ সাধন করা;
- প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারের সদস্যদের জীবনমানের উন্নয়ন সাধন করা;
- বিদেশ প্রত্যাগত কর্মীদের Social Re-integration এর আওতায় আনা; এবং
- প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষা অর্জনে আর্থিক সহায়তা প্রদান করা।

অধ্যায়-২

সচেতনতামূলক কার্যক্রম

২.১ প্রাক-বহির্গমন ব্রিফিং

চাকুরি নিয়ে বিদেশ গমনকারী কর্মীদের সংশ্লিষ্ট দেশের আইন, নিয়ম-কানুন, রীতি-নীতি, ভাষা, আবহাওয়া, পরিবেশ, শ্রম আইন, অধিকার-কর্তব্য ইত্যাদি সম্পর্কে ধারণা দিতে বিদেশ গমনের পূর্বে সচেতনতামূলক প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান করা হয়। এর ফলে বিদেশ গমনের পূর্বে কর্মীরা সংশ্লিষ্ট দেশের সার্বিক বিষয় সম্পর্কে অবহিত হতে পারে।

প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান

জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	মে	জুন	সর্বমোট
৩৮২৫	৪৬৮০	৩৫৭০	৪১৭৩	৫৩৭৬	৪৫৩১	৫৫৭০	৪৩৫০	৪৯২৭	৩৫৭৭	৪৭৯৫	৩৪৭০	**৫২৮৪৪**



প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদানের চিত্র (মাস ভিত্তিক)

২.২ তৃণমূল পর্যায়ে প্রচার

প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের কল্যাণ বোর্ড প্রদত্ত বিভিন্ন সেবা সম্পর্কে অবহিতকরণ এবং নিরাপদ অভিবাসন নিশ্চিত করতে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের মাধ্যমে তৃণমূল পর্যায়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়।

২.৩ প্রবাসে প্রচার ও চিত্ত বিনোদন

প্রবাসে কর্মরত কর্মী এবং তাঁদের পরিবারের সদস্যদের সঙ্গে বাংলাদেশ মিশনসমূহের নিবিড় সম্পর্ক স্থাপনে সংশ্লিষ্ট দেশের বিভিন্ন শহরে চিত্ত বিনোদনসহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এর ফলে প্রবাসী কর্মী তথা বাংলাদেশ কমিউনিটির সাথে বাংলাদেশ মিশনসমূহের এক সেতু বন্ধন রচিত হয়। মিশনসমূহের শ্রম কল্যাণ উইং তাদের বিভিন্ন সুবিধা-অসুবিধা এবং করণীয় সম্পর্কে সরাসরি অবহিত হন এবং তা সমাধানে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়। বিভিন্ন দূতাবাসে প্রবাসী কর্মীদের নিয়মিত ওপেন হাউস সভার মাধ্যমে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রম ও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রদত্ত বিভিন্ন সেবা সম্পর্কে অবহিত করা হয়। এছাড়া বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ কার্যক্রমের মাধ্যমে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করা হয়।

বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে প্রচার ও চিত্ত বিনোদন কার্যক্রমে অর্থ বরাদ্দ					
ক্রম	দেশের নাম	বরাদ্দকৃত অর্থ	ক্রম	দেশের নাম	বরাদ্দকৃত অর্থ
১	আবুধাবী, ইউএই	২ লক্ষ	১৬	মালয়েশিয়া	১ লক্ষ
২	জেদ্দা, সৌদি আরব	১ লক্ষ	১৭	বাহরাইন	২ লক্ষ
৩	রিয়াদ, সৌদি আরব	১ লক্ষ	১৮	দক্ষিণ আফ্রিকা	৫০ হাজার
৪	দুবাই, ইউএই	৩ লক্ষ	১৯	রোম, ইতালী	৫০ হাজার
৫	কুয়েত	১ লক্ষ	২০	অস্ট্রেলিয়া	২ লক্ষ
৬	কাতার	২.৫০ লক্ষ	২১	ইরাক	৭৫ হাজার
৭	ওমান	৫০ হাজার	২২	মিলান, ইতালী	২ লক্ষ
৮	জর্ডান	৪০ হাজার	২৩	স্পেন	১ লক্ষ
৯	ব্রুনাই	১ লক্ষ	২৪	হংকং	৫০ হাজার
১০	সিংগাপুর	২ লক্ষ	২৫	কানাডা	৪ লক্ষ
১১	দক্ষিণ কোরিয়া	১.৫০ লক্ষ	২৬	নিউইয়র্ক, ইউএসএ	১ লক্ষ
১২	জাপান	১ লক্ষ	২৭	লসএঞ্জেলস, ইউএসএ	১.৫ লক্ষ
১৩	গ্রীস	১ লক্ষ	২৮	অস্ট্রিয়া	২ লক্ষ
১৪	লিবিয়া	১ লক্ষ	২৯	লেবানন	১ লক্ষ
১৫	মালদ্বীপ	১ লক্ষ		সর্বমোট	৩৯.৬৫ লক্ষ



বাংলাদেশ মিশনসমূহে প্রচার ও চিত্ত বিনোদন কার্যক্রমে অর্থ বরাদ্দের চিত্র (দেশ ভিত্তিক)

প্রবাসী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন ও পরিবারকে আর্থিক সহায়তা

৩.১ মৃতদেহ দেশে আনয়ন

প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ পরিবারের লিখিত মতামত সাপেক্ষে দেশে আনা হয়। কোন কর্মীর পরিবার মৃতদেহ সংশ্লিষ্ট দেশে দাফনের আগ্রহ প্রকাশ করলে পরিবারের লিখিত মতামত গ্রহণপূর্বক দূতাবাসের মাধ্যমে সংশ্লিষ্ট দেশে দাফনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

মৃতদেহ দেশে আনয়ন

জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	মে	জুন	সর্বমোট
২৫৬	২৯৪	২৩৩	৩১২	৩০৪	২৯৯	৩০৯	২৯০	৩২০	২৯৫	২৯৫	২৪৮	৩৪৫৫



মৃতদেহ আনয়নের চিত্র (মাস ভিত্তিক)

৩.২ মৃতদেহ আনয়নে ব্যয়

প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ নিয়োগকর্তার খরচে দেশে আনা হয়। কোন ক্ষেত্রে নিয়োগকর্তা পাওয়া না গেলে অথবা নিয়োগকর্তা অপারগতা প্রকাশ করলে বাংলাদেশ কমিউনিটির সহায়তায় মৃতদেহ দেশে আনা হয়। নিয়োগকর্তা এবং বাংলাদেশ কমিউনিটির সহায়তা পাওয়া না গেলে মৃতদেহ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে দেশে আনা হয়। এক্ষেত্রে বাংলাদেশ মিশনসমূহের শ্রম কল্যাণ উইংয়ে (প্রযোজ্য ক্ষেত্রে মিশনসমূহে) মৃতদেহ দেশে প্রেরণ বাবদ খাতে অর্থ বরাদ্দ দেয়া হয়।

মৃতদেহ আনয়নে ব্যয় (দেশ ভিত্তিক)

দেশ	টাকা		দেশ	টাকা
আবুধাবী, ইউএই	৬ লক্ষ		মালদ্বীপ	৫ লক্ষ
জেদ্দা, সৌদি আরব	২০ লক্ষ		মালয়েশিয়া	৩ লক্ষ
রিয়াদ, সৌদি আরব	৫ লক্ষ		বাহরাইন	৪.৫০ লক্ষ
দুবাই, ইউএই	৯ লক্ষ		দক্ষিণ আফ্রিকা	১ লক্ষ
কুয়েত	৩ লক্ষ		অষ্ট্রেলিয়া	৫ লক্ষ
কাতার	২ লক্ষ		ইরাক	৩.৫০ লক্ষ
ওমান	৯ লক্ষ		মিলান, ইতালী	৩ লক্ষ
জর্ডান	২.৫০ লক্ষ		স্পেন	৪ লক্ষ
মিশর	১ লক্ষ		জেনেভা, সুইজারল্যান্ড	৩ লক্ষ
সিংগাপুর	১ লক্ষ		রাশিয়া	১.৫০ লক্ষ
দক্ষিণ কোরিয়া	৬ লক্ষ		নিউইয়র্ক, ইউএসএ	৩ লক্ষ
গ্রীস	৯ লক্ষ		অষ্ট্রিয়া	৫০ হাজার
লিবিয়া	১৮ লক্ষ		লেবানন	৫ লক্ষ
			সর্বমোট	১,৩৩,৫০,০০০/-



মৃতদেহ আনয়নে ব্যয়ের চিত্র (দেশ ভিত্তিক)

৩.৩ মৃতদেহ পরিবহন ও দাফন বাবদ সহায়তা

প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক এর মাধ্যমে মৃতের পরিবারের নিকট হস্তান্তর করা হয়। মৃতদেহ হস্তান্তরের সময় প্রত্যেক মৃত কর্মীর পরিবারকে তাৎক্ষণিকভাবে মৃতদেহ পরিবহন ও দাফন খরচের জন্য ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকার চেক প্রদান করা হয়।

মৃতদেহ পরিবহন ও দাফন বাবদ প্রদানকৃত অর্থ

জুলাই		আগস্ট		সেপ্টেম্বর		অক্টোবর		নভেম্বর		ডিসেম্বর		জানুয়ারি		ফেব্রুয়ারি		মার্চ		এপ্রিল		মে		জুন		সর্বমোট	
সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা
১৯১	৬৭৫৫০০০/-	২৬২	৯১৭০০০০/-	১৯২	৬৭২০০০০/-	২৮৬	১০০১০০০০/-	২৭৩	৯৫৫০০০/-	২৩৮	৮৩৩০০০০/-	২৮৮	১০০৮০০০০/-	২৪২	৮৪৭০০০০/-	৩০০	১০৫০০০০০/-	২৫৯	৯০৬৫০০০/-	২৮০	৯৮০০০০০/-	১৮৭	৬৫৪৫০০০/-	৩০০০	১০৫০০০০০০/-



আর্থিক সাহায্য গ্রহণকৃত পরিবারের চিত্র (মাস ভিত্তিক)



আর্থিক সাহায্য প্রদানের চিত্র (মাস ভিত্তিক)

৩.৪ আর্থিক অনুদান

বহির্গমন ছাড়পত্র নিয়ে বিদেশে গমনকারী অথবা বিদেশে বৈধভাবে কর্মরত অথবা অনাবাসী বাংলাদেশি (ডায়াসপোরা) হিসেবে কল্যাণ বোর্ডের সদস্যপদ গ্রহণকারী কর্মী প্রবাসে মৃত্যুবরণ করলে তাঁদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড থেকে এককালীন ৩ লক্ষ টাকা করে আর্থিক অনুদান দেয়া হয়। এছাড়া যে সকল কর্মী ছুটিতে কিংবা অসুস্থ হয়ে দেশে আসার ৬ মাসের মধ্যে মৃত্যুবরণ করলে তাঁদের পরিবারকেও সমপরিমান অর্থ অনুদান দেয়া হয়।

আর্থিক অনুদান প্রদান

জুলাই		আগস্ট		সেপ্টেম্বর		অক্টোবর		নভেম্বর		ডিসেম্বর		জানুয়ারি		ফেব্রুয়ারি		মার্চ		এপ্রিল		মে		জুন		সর্বমোট	
সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা
৩৪৯	৯৭১.২৫ লক্ষ	৪০২	১১৪১.৫৮ লক্ষ	৩৪৮	১০২৬.১৪ লক্ষ	৪৭৩	১২৭৩.৮৫ লক্ষ	৩৫১	১০১৮.৯৩ লক্ষ	৩৬০	১০০৯.৭০ লক্ষ	৩১১	৯৪৫.১৬ লক্ষ	২৯৯	৮৭১.১৯ লক্ষ	২০৬	৬৩৩.৩০ লক্ষ	৪৫২	১৩১২.৩৫ লক্ষ	৩৩০	১০০৫.৯০ লক্ষ	১৭৪	৫৩২.৮৮ লক্ষ	৪০৫৫	১১৭ কোটি ৪২ লক্ষ



আর্থিক অনুদান গ্রহণকৃত পরিবারের চিত্র (মাস ভিত্তিক)



আর্থিক অনুদান প্রদানের চিত্র (মাস ভিত্তিক)

৩.৫ মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইন্স্যুরেন্সের অর্থ আদায় ও বিতরণ

বিদেশে মৃত্যুবরণকারী কর্মীর মৃত্যুজনিত কারণে নিয়োগকর্তা অথবা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইন্স্যুরেন্সের অর্থ পাওয়ার সম্ভাবনা থাকলে তা সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের শ্রম কল্যাণ উইংয়ের মাধ্যমে আদায়ের ব্যবস্থা করা হয়। উক্ত আদায়কৃত অর্থ তাদের ওয়ারিশদের মধ্যে যথাযথভাবে বিতরণ করা হয়।

মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইন্স্যুরেন্সের অর্থ বিতরণ

জুলাই		আগস্ট		সেপ্টেম্বর		অক্টোবর		নভেম্বর		ডিসেম্বর		জানুয়ারি		ফেব্রুয়ারি		মার্চ		এপ্রিল		মে		জুন		সর্বমোট	
সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা
৯৪	৪,২৮,৭০,৬৭০/-	১০৯	৩,৬৮,২৬,১৯৭/-	৮১	৫,৫৫,৪৭,৪৬৭/-	১১৮	৫,১৯,৮৫,৫০১/-	৮২	৫,১১,৮৪,৬৩৬/-	৭১	৪,৩১,৪৬,৬৪৫/-	৮৯	৬,৩৩,৪১,১০৩/-	১০৭	৬,৭২,০৯,৭৭০/-	৫৩	৩,১৯,৩০,৯১৮/-	৫৬	৮,৫১,১২,৯৪৬/-	৬৩	৩,০৩,১৫,১৪১/-	১০৩	৩,৮২,৫৩,৫৬৬/-	১০২৬	৫৯,২৪,৬০,৩০৬/-



ক্ষতিপূরণ ও অন্যান্য অর্থ গ্রহণকৃত পরিবারের সংখ্যা (মাস ভিত্তিক)



ক্ষতিপূরণ ও অন্যান্য অর্থ প্রদানের বিবরণ (মাস ভিত্তিক)

অধ্যায়-৪

অসুস্থ কর্মীদের সহায়তা

৪.১ চিকিৎসার্থে আর্থিক সহায়তা

প্রবাসে কর্মরত উল্লেখযোগ্য সংখ্যক কর্মী দুর্ঘটনা অথবা অন্য কোন কারণে গুরুতর আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম হয়ে পড়েন। এ সকল কর্মী দেশে আসার পর তাঁদের চিকিৎসার্থে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে ১ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সাহায্য প্রদান করা হয়।

আর্থিক সাহায্য প্রদান

	রিয়াদ, সৌদি আরব		জেদ্দা, সৌদি আরব		দুবাই, ইউএই		আবুধাবী, ইউএই		ওমান		কুয়েত		কাতার		মালয়েশিয়া		লেবানন		সিঙ্গাপুর		বাহরাইন		লিবিয়া		জর্ডান		মরিশাস		সিরিয়া		সর্বমোট	
	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা
২০১৩	১৩ জন	১২ লক্ষ	১৩ জন	১২ লক্ষ	১২ জন	১১ লক্ষ	৭ জন	৬.৫০ লক্ষ	৩ জন	৩ লক্ষ	৩ জন	৩ লক্ষ	১২ জন	১০.৫০ লক্ষ	২ জন	১.৫০ লক্ষ	৫ জন	৫ লক্ষ	৬ জন	৫.৫০ লক্ষ	৩ জন	৩ লক্ষ	২ জন	১.৫০ লক্ষ	১ জন	.৫০ লক্ষ	১ জন	১ লক্ষ	২ জন	২ লক্ষ	১ জন	১ লক্ষ	১ জন	১ লক্ষ	৭১ জন	৬৫ লক্ষ



আর্থিক সাহায্য গ্রহণকৃত পরিবারের চিত্র (দেশ ভিত্তিক)



আর্থিক সাহায্য প্রদানের বিবরণ (দেশ ভিত্তিক)

৪.২ অসুস্থ কর্মীদের হাসপাতালে ভর্তি

প্রবাসে বিভিন্ন কারণে গুরুতর আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সহযোগিতায় এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ব্যবস্থাপনায় দেশে ফেরত আনা হয়। কর্মী বিমানবন্দরে পৌঁছালে বোর্ডের প্রতিনিধির উপস্থিতিতে গ্রহণপূর্বক উপযুক্ত সরকারি হাসপাতালে ভর্তির ব্যবস্থা করা হয়। ২০১৬-১৭ অর্থ বছরে দুবাই হতে ১৪ জন, সৌদি আরব হতে ৪ জন, আবুধাবী হতে ২ জন, ওমান হতে ৬ জন, বাহারাইন হতে ৭ জন, কুয়েত হতে ২ জন, মিশর হতে ১ জন এবং লেবানন হতে ১ জনসহ মোট ৩৭ জন কর্মীকে দেশে ফেরত এনে হাসপাতালে ভর্তি করা হয়।

৪.৩ প্রবাসে অসুস্থ ও বিপদগ্রস্ত কর্মীর চিকিৎসা

প্রবাসে গুরুতর আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের নিয়োগকর্তার খরচে চিকিৎসার ব্যবস্থা করা হয়। কিন্তু যে সকল কর্মীর নিয়োগকর্তা পাওয়া যায় না অথবা নিয়োগকর্তা অপারগতা প্রকাশ করলে অথবা ইন্স্যুরেন্স সুবিধা না থাকলে কর্মীর চিকিৎসা বিঘ্নিত হয়। ফলে দুশ্চিন্তাগ্রস্ত হয়ে পড়ে তাদের পরিবারসমূহ। দূতাবাসের শ্রম কল্যাণ উইংয়ের মাধ্যমে এ সকল কর্মীদের সংশ্লিষ্ট দেশেই চিকিৎসার ব্যবস্থা করা হয়। এ জন্য বাংলাদেশ মিশনসমূহে অসুস্থ ও বিপদগ্রস্ত কর্মীদের চিকিৎসার্থে সাহায্য প্রদান বাবদ খাতে অর্থ বরাদ্দ দেয়া হয়।

বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে অসুস্থ ও বিপদগ্রস্ত কর্মীদের সাহায্য

ক্রম	দেশের নাম	অর্থ বরাদ্দ	ক্রম	দেশের নাম	অর্থ বরাদ্দ
১	আবুধাবী, ইউএই	৬ লক্ষ	১৮	বাহরাইন	৩ লক্ষ
২	জেদ্দা, সৌদি আরব	২ লক্ষ	১৯	দক্ষিণ আফ্রিকা	০.৫ লক্ষ
৩	রিয়াদ, সৌদি আরব	৫ লক্ষ	২০	রোম, ইতালী	১ লক্ষ
৪	দুবাই, ইউএই	৬ লক্ষ	২১	অস্ট্রেলিয়া	১.৫ লক্ষ
৫	কুয়েত	১.০১ লক্ষ	২২	ইরাক	২ লক্ষ
৬	কাতার	১.৫ লক্ষ	২৩	মিলান, ইতালী	১.৫ লক্ষ
৭	ওমান	৬ লক্ষ	২৪	স্পেন	০.৫ লক্ষ
৮	জর্ডান	০.৫ লক্ষ	২৫	জেনেভা, সুইজারল্যান্ড	০.৫ লক্ষ
৯	মিশর	১০.৫ লক্ষ	২৬	রাশিয়া	০.৫ লক্ষ
১০	ব্রুনাই	১ লক্ষ	২৭	হংকং	০.৫ লক্ষ
১১	সিংগাপুর	১ লক্ষ	২৮	কানাডা	২ লক্ষ
১২	দক্ষিণ কোরিয়া	১ লক্ষ	২৯	ইন্দোনেশিয়া	১ লক্ষ
১৩	জাপান	১ লক্ষ	৩০	নিউইয়র্ক, ইউএসএ	১.৮ লক্ষ
১৪	গ্রীস	১ লক্ষ	৩১	অস্ট্রিয়া	০.৫ লক্ষ
১৫	লিবিয়া	৩ লক্ষ	৩২	ওয়াশিংটন ডিসি,ইউএসএ	০.৮ লক্ষ
১৬	মালদ্বীপ	২.৫০ লক্ষ	৩৩	লেবানন	৪ লক্ষ
১৭	মালয়েশিয়া	১ লক্ষ	সর্বমোট		৭১.৬১ লক্ষ



বিদেশে অসুস্থ ও বিপদগ্রস্ত কর্মীদের সাহায্য প্রদানের চিত্র (দেশ ভিত্তিক)

৪.৪ এ্যাম্বুলেন্স ও অন্যান্য সুবিধা প্রদান

বিদেশে হতে ফেরত আসা অসুস্থ ও মৃত কর্মী পরিবহনের জন্য শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ বোর্ড হতে একটি এ্যাম্বুলেন্স প্রদান করা হয়েছে। শীঘ্রই হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা'য় অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত দু'টি এ্যাম্বুলেন্স প্রদানের মাধ্যমে সেবা প্রদান করা হবে। এছাড়া অসুস্থ কর্মীর সাথে আগত সহযোগী চিকিৎসক ও নার্সকে উন্নতমানের হোটেলে থাকা-খাওয়ার ব্যবস্থাসহ অন্যান্য সহযোগিতা প্রদান করা হচ্ছে।

মৃত ও অসুস্থ কর্মীদের পরিবহনে এ্যাম্বুলেন্স সেবা প্রদান

অধ্যায়-৫

আইনগত সহায়তা, নারী কর্মীদের আশ্রয় প্রদান এবং কর্মীদের ফেরৎ আনয়ন

৫.১ স্থানীয় প্রশাসনের মাধ্যমে আইন সহায়তা

প্রবাসী কর্মীর পরিবার দেশে নানা ধরনের সমস্যার সম্মুখীন হন। কর্মীর নিরাপত্তাজনিত হুমকি, সম্পত্তি দখল, হয়রানিসহ বিভিন্ন সমস্যার উদ্ভব হলে তা নিরসনে স্থানীয় প্রশাসনের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

৫.২ প্রবাসে আইন সহায়তা

প্রবাসে কর্মরত কর্মীরা বিভিন্ন ধরনের অপরাধ অথবা অন্য কোন কারণে সেদেশের আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক গ্রেফতার অথবা হয়রানির শিকার হন। এছাড়া নিয়োগকর্তা অথবা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক কর্মীদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। এ ধরনের মামলার পাশাপশি কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণসহ অন্যান্য অর্থ আদায়ে শ্রম আদালতে মামলা পরিচালনা করতে হয়। এ সকল মামলা পরিচালনার জন্য বাংলাদেশ মিশনসমূহের শ্রম কল্যাণ উইং কর্তৃক আইনগত সহায়তা প্রদান বাবদ খাতে অর্থ বরাদ্দ দেয়া হয়।

বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে আইনগত সহায়তা প্রদান খাতে অর্থ বরাদ্দ

ক্রম	দেশের নাম	২০১৬-১৭	ক্রম	দেশের নাম	২০১৬-১৭
১	আবুধাবী, ইউএই	৪ লক্ষ	১২	জাপান	১ লক্ষ
২	জেদ্দা, সৌদি আরব	১ লক্ষ	১৩	গ্রীস	১.৫ লক্ষ
৩	রিয়াদ, সৌদি আরব	২ লক্ষ	১৪	লিবিয়া	০.৫ লক্ষ
৪	দুবাই, ইউএই	২ লক্ষ	১৫	মালদ্বীপ	০.৫ লক্ষ
৫	কুয়েত	১ লক্ষ	১৬	মালয়েশিয়া	১ লক্ষ
৬	কাতার	১.৫ লক্ষ	১৭	বাহরাইন	২ লক্ষ
৭	ওমান	৪ লক্ষ	১৮	দক্ষিণ আফ্রিকা	০.৫ লক্ষ
৮	জর্ডান	১ লক্ষ	১৯	রোম, ইতালী	০.৫ লক্ষ
৯	ব্রুনাই	০.৯ লক্ষ	২০	ইরাক	১.৭ লক্ষ
১০	সিংগাপুর	১ লক্ষ	২১	হংকং	০.৫ লক্ষ
১১	দক্ষিণ কোরিয়া	১ লক্ষ	২২	কানাডা	১ লক্ষ
				সর্বমোট	৩০.১০ লক্ষ



অর্থ বরাদ্দের বিবরণ (দেশ ভিত্তিক)

৫.৩ সেইফ হোম স্থাপন ও পরিচালনা

প্রবাসে কর্মরত নারী কর্মীরা বিভিন্ন সময় নিয়োগকর্তা কর্তৃক নানা ধরনের নির্যাতন, হয়রানি অথবা নিরাপত্তাজনিত সমস্যায় পড়েন। এ সকল বিপদগ্রস্ত নারী কর্মীদের নিরাপদ আশ্রয় প্রদানের জন্য সংশ্লিষ্ট দেশে সেইফ হোম স্থাপন করা হয়েছে। এ সকল সেইফ হোম বাংলাদেশ মিশনসমূহের শ্রম কল্যাণ উইংয়ের তত্ত্বাবধানে পরিচালিত হয়। সেইফ হোম তত্ত্বাবধানে জনবল, আশ্রয় গ্রহণকারী নারী কর্মীদের খাবার, চিকিৎসাসহ অন্যান্য ব্যয় বোর্ড হতে বহন করা হয়। বর্তমানে সৌদি আরবের রিয়াদে একটি, জেদ্দায় দুটি, ওমান এবং লেবাননে একটি করে সেইফ হোম বিদ্যমান রয়েছে।

সেইফ হোম পরিচালনায় অর্থ বরাদ্দ

জেদ্দা, সৌদি আরব	রিয়াদ, সৌদি আরব	ওমান	লেবানন	সর্বমোট
২০,০০,০০০/-	৯০,০০,০০০/-	৪,০০,০০০/-	১,৫০,০০০/-	১,১৫,৫০,০০০/-

৫.৪ নারী কর্মীদের দেশে ফেরত প্রেরণ

প্রবাসে কর্মরত বাংলাদেশি নারী কর্মীদের যে কোন ধরনের বিরুপ পরিস্থিতিতে দেশে ফেরত আনয়নে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে খরচ বহন করা হয়। চলতি অর্থবছরে বিভিন্ন দেশ হতে নারী কর্মী দেশে ফেরত প্রেরণ বাবদ খাতে বিদেশস্থ ০৯ টি বাংলাদেশ মিশনে বোর্ড হতে অর্থ বরাদ্দ দেয়া হয়।

নারী কর্মী দেশে প্রেরণ বাবদ খাতে অর্থ বরাদ্দ		
ক্রম	দেশের নাম	অর্থ বরাদ্দ
১	আবুধাবী, ইউএই	৩ লক্ষ
২	দুবাই, ইউএই	৪ লক্ষ
৩	জেদ্দা, সৌদি আরব	২ লক্ষ
৪	রিয়াদ, সৌদি আরব	১৫ লক্ষ
৫	কাতার	১.৫ লক্ষ
৬	জর্ডান	২ লক্ষ
৭	মিশর	০.৫ লক্ষ
৮	হংকং	১ লক্ষ
৯	লেবানন	৪ লক্ষ
	সর্বমোট	৩৩ লক্ষ



নারী কর্মী দেশে প্রেরণ বাবদ খাতে অর্থ বরাদ্দের চিত্র (দেশ ভিত্তিক)

৫.৫ শারীরিকভাবে অক্ষম ও আটকে পড়া কর্মীদের দেশে ফেরত প্রেরণ

প্রবাসে বাংলাদেশি কর্মীরা নানা ধরনের অপরাধ, অনিয়ম, প্রতারণা, জালিয়াতি অথবা হয়রানির শিকার হয়ে সংশ্লিষ্ট দেশের আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক গ্রেফতার, হয়রানি অথবা মামলার সম্মুখীন হন। এসব কর্মীদের অনেকে দেশে ফেরত আসতে বাধ্য হন। কিন্তু আর্থিক অসামর্থের কারণে তাদের দেশে ফেরত আসতে বিড়ম্বনার মধ্যে পড়তে হয়। এ সকল কর্মীদের দেশে ফেরত আনয়নে বোর্ড হতে বাংলাদেশ মিশনসমূহের অনুকূলে পঙ্গু ও আটকে পড়া কর্মীদের দেশে ফেরত প্রেরণ বাবদ খাতে অর্থ বরাদ্দ দেয়া হয়। ২০১৬-১৭ অর্থবছরে ২৬ টি বাংলাদেশ মিশনে (শ্রম কল্যাণ উইংসহ) অর্থ বরাদ্দ দেয়া হয়।

পঙ্গু ও আটকে পড়া কর্মীদের দেশে ফেরত প্রেরণ বাবদ খাতে দেশওয়ারী অর্থ বরাদ্দ

ক্রম	দেশ	অর্থ বরাদ্দ	ক্রম	দেশ	অর্থ বরাদ্দ
১	আবুধাবী, ইউএই	৫ লক্ষ	১৫	লিবিয়া	২ লক্ষ
২	জেদ্দা, সৌদি আরব	১ লক্ষ	১৬	মালদ্বীপ	১ লক্ষ
৩	রিয়াদ, সৌদি আরব	৫ লক্ষ	১৭	মালয়েশিয়া	২ লক্ষ
৪	দুবাই, ইউএই	৬ লক্ষ	১৮	বাহরাইন	৫ লক্ষ
৫	কুয়েত	১ লক্ষ	১৯	দক্ষিণ আফ্রিকা	০.৫ লক্ষ
৬	কাতার	২ লক্ষ	২০	রোম, ইতালী	১ লক্ষ
৭	ওমান	৮.২৫ লক্ষ	২১	ইরাক	০.৫ লক্ষ
৮	জর্ডান	২.৫ লক্ষ	২২	মিলান, ইতালী	২ লক্ষ
৯	মিশর	০.৫ লক্ষ	২৩	জেনেভা, সুইজারল্যান্ড	০.৫ লক্ষ
১০	ব্রুনাই	১ লক্ষ	২৪	ইন্দোনেশিয়া	১ লক্ষ
১১	সিংগাপুর	১ লক্ষ	২৫	অষ্ট্রিয়া	০.৫ লক্ষ
১২	দক্ষিণ কোরিয়া	১ লক্ষ	২৬	লেবানন	৫ লক্ষ
১৩	জাপান	১ লক্ষ	সর্বমোট		৫৭.২৫ লক্ষ
১৪	গ্রীস	১ লক্ষ			



পঙ্গু ও আটকে পড়া কর্মীদের দেশে ফেরত প্রেরণ বাবদ খাতে অর্থ বরাদ্দের চিত্র (দেশ ভিত্তিক)

অধ্যায়-৬

শিক্ষা কার্যক্রম

৬.১ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা

দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রবাসী কর্মীর সন্তান কোটায় কর্মীর সন্তানদের ভর্তির জন্য বোর্ড হতে প্রত্যয়ন পত্র ইস্যু করা হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের যৌথ প্রচেষ্টায় সরকার ২০১৬ সাল হতে উচ্চ মাধ্যমিক শ্রেণির ভর্তিতে ০.৫% আসন সংরক্ষণ করেছে। এছাড়া পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রবাসী কর্মীর সন্তানদের জন্য আসন সংরক্ষণ করেছে। অন্যান্য শ্রেণির ভর্তিতেও আসন সংরক্ষণের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

৬.২ শিক্ষাবৃত্তি প্রদান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের লেখাপড়ায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ২০১২ সাল হতে শিক্ষাবৃত্তি প্রবর্তন করা হয়েছে। বর্তমানে ষষ্ঠ থেকে স্নাতক শেষ বর্ষ পর্যন্ত (ক্যাটাগরি: পিইসি, জেএসসি, এসএসসি ও এইচএসসি অথবা সমমান) কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান করা হচ্ছে।

শিক্ষাবৃত্তি প্রদান

ক্রম	ক্যাটাগরি	মাসিক বৃত্তির পরিমান	বাৎসরিক বই ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ	বাৎসরিক প্রদানকৃত অর্থ	সময়কাল	শিক্ষার্থীর সংখ্যা	বাৎসরিক শিক্ষাবৃত্তি বাবদ প্রদানকৃত অর্থ
১	পিইসি/সমমান	৭০০/-	১,৫০০/-	৯,৯০০/-	৩ বছর	১১৩৩	১১২.১৭ লক্ষ
২	জেএসসি/সমমান	১,০০০/-	২,০০০/-	১৪,০০০/-	২ বছর	৬৮৮	৯৬.৩২ লক্ষ
৩	এসএসসি/সমমান	১,৫০০/-	৩,০০০/-	২১,০০০/-	২/৪ বছর	৪৪৯	৯৪.২৯ লক্ষ
৪	এইচএসসি/সমমান	২,০০০/-	৩,০০০/-	২৭,০০০/-	৩/৪/৫ বছর	১৪২	৩৮.৩৪ লক্ষ
					সর্বমোট	২৪১২	৩৪১.১২ লক্ষ



বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর চিত্র



বৃত্তির অর্থ প্রদানের চিত্র

৬.৩ প্রবাসে বাংলাদেশি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায় সহায়তা

প্রবাসে বাংলাদেশি কর্মীর সন্তানদের লেখাপড়ার সুবিধার্থে বাংলাদেশ কমিউনিটি পরিচালিত কিছু শিক্ষা প্রতিষ্ঠানে বোর্ড হতে আর্থিক সহায়তা প্রদান করা হয়। এ সকল প্রতিষ্ঠানে কর্মীর সন্তানেরা বাংলাদেশি কারিকুলামে বিদেশে বসেই লেখাপড়া করতে পারছে। ২০১৬-১৭ অর্থবছরে সৌদি আরবে ০৯ টি স্কুল, ওমানে ০১ টি স্কুল এবং কাতারের ০১ টি স্কুলসহ মোট ১১ টি স্কুলে ১৫ কোটি ০৩ লক্ষ ৪২ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

অধ্যায়-৭

বিমানবন্দর সেবা

৭.১ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে সহায়তা

নিরাপদে বিদেশ গমন এবং প্রত্যাবর্তনকারী কর্মীদের বিমানবন্দরস্থ "প্রবাসী কল্যাণ ডেস্ক" এর মাধ্যমে সহায়তা প্রদান করা হয়। বর্তমানে দেশের তিনটি আন্তর্জাতিক বিমানবন্দর যথাক্রমে হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এবং শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ স্থাপিত প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীদের ২৪ ঘন্টা সেবা প্রদান করা হয়।

প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে সহায়তা

জুলাই	আগষ্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	মে	জুন	সর্বমোট
৪৮৩২১	৬৯১৯০	৫৫৮৬৯	৬১১১১	৮১৪৮৩	৬৮৮৬২	৮১৪৩৪	৮৫০৩৮	১০৬৫০১	৯৫৪৮৫	৮৩৭০৭	৬৮৩২৫	৯০৫৩২৬



বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে সহায়তা গ্রহণকারী কর্মীর চিত্র (মাস ভিত্তিক)

৭.২ নিরাপদ অভিবাসনে সহায়তা

অবৈধভাবে বিদেশ গমন, প্রতারণা ও হয়রানি বন্ধ তথা নিরাপদ বিদেশ গমন নিশ্চিত করতে বিদেশগামী কর্মীদের আধুনিক প্রযুক্তি সম্পন্ন স্মার্টকার্ড প্রদান করা হচ্ছে। এই স্মার্টকার্ড প্রদানে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান করা হয়। ২০১৬-১৭ অর্থবছরে স্মার্টকার্ড বাবদ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের খরচ হয় ৮ কোটি ৯৯ লক্ষ ৭৫ হাজার ৮০০ টাকা।

অধ্যায়-৮

অর্জন

৮.১ "ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড" আইন প্রণয়ন

প্রবাসী কর্মী এবং তাঁদের পরিবারের সদস্যদের বহুমুখী কল্যাণ নিশ্চিতকরণে একটি স্বয়ংসম্পূর্ণ বোর্ড গঠনের উদ্যোগ নেয়া হয়। এ লক্ষ্যে "ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৭" এর খসড়া মন্ত্রীসভা কর্তৃক নীতিগতভাবে অনুমোদন দেয়া হয়েছে। খসড়া আইনটি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ভেটিং প্রাপ্ত হয়ে মন্ত্রিসভা কর্তৃক চূড়ান্ত অনুমোদন লাভ করেছে। আশা করা যায়, শীঘ্রই আইনটি অনুমোদনের জন্য জাতীয় সংসদে উত্থাপিত হবে।

৮.২ বীমা সুবিধা প্রবর্তন

বিদেশগামী শতভাগ কর্মীদের বীমা সুবিধা প্রদানের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড যৌথভাবে কাজ করছে। বীমা সুবিধা প্রদান সংক্রান্ত কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। শীঘ্রই বিদেশগামী সকল কর্মী বীমা সুবিধার আওতায় আসবে।

৮.৩ অনাবাসি বাংলাদেশিদের বোর্ডের সদস্যপদ প্রদান

বিদেশে বসবাসরত অনাবাসী বাংলাদেশি (ডায়াসপোরা) এবং তাঁদের পরিবার নানা ধরনের সমস্যার সম্মুখীন হন। কিন্তু তারা বহির্গমন ছাড়পত্র নিয়ে বিদেশ গমন না করায় বোর্ডের সেবা হতে বঞ্চিত হন। দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে তাঁদেরকে সরকার নির্ধারিত ফি এর বিনিময়ে জুলাই ২০১৬ হতে কল্যাণ বোর্ডের সদস্যপদ প্রদান করা হচ্ছে। এর ফলে তারা বোর্ড প্রদত্ত সকল ধরনের সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৮.৪ প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপনে সহায়তা

আর্থিকভাবে অস্বচ্ছল কর্মীরা ঋণ, ধার-দেনা, ভিটেমাটি বিক্রি ও সুদের টাকা যোগাড় করে বিদেশ গমন করেন। এ সকল কর্মীদের স্বল্প সুদে জামানতবিহীন এবং সহজ শর্তে ঋণ প্রদানের লক্ষ্যে সরকার ২০১০ সালে প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপন করেছে। ব্যাংকের পরিশোধিত মূলধনের ৯৫% অর্থাৎ ১০০ কোটি টাকার মধ্যে ৯৫ কোটি টাকা বোর্ড হতে ইতঃপূর্বে প্রদান করা হয়। সরকারের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ২০১৬-১৭ অর্থবছরে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিশোধিত মূলধন গঠনে বোর্ড হতে আরও ৫০ কোটি টাকা দেয়া হয়েছে।

অধ্যায়-৯

ডিজিটাইজেশন

৯.১ অনাবাসি বাংলাদেশি নিবন্ধন

বিদেশে বসবাসরত অনাবাসী বাংলাদেশিরা (ডায়াসপোরা) ঘরে বসেই অনলাইনে ফরম পূরণ করে কল্যাণ বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভুক্তির জন্য আবেদন করার সুযোগ পাচ্ছেন।

৯.২ প্রবাস বন্ধু কল সেন্টার

প্রবাসী কর্মী এবং তাঁদের পরিবারের সদস্যদের হাতের মুঠোয় বোর্ডের সেবাসমূহ পৌঁছে দেয়ার লক্ষ্যে "প্রবাসবন্ধু কলসেন্টার" চালু করা হয়। সৌদি আরব, মালয়েশিয়া এবং জর্ডান-এ কর্মরত কর্মীরা ঘরে বসেই কলসেন্টারের মাধ্যমে নির্দিষ্ট নম্বরে ফোন করে তাদের সেবা গ্রহণ করতে পারেন। এছাড়া এসএমএস (ক্ষুদেবার্তা) এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করেও কর্মীদের সেবা গ্রহণের সুযোগ রয়েছে।

৯.৩ অনলাইন অভিযোগ

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট ব্যবহার করে সেবা সংক্রান্ত অথবা অন্য কোন বিষয়ে সেবা প্রার্থী অনলাইনে অভিযোগ দাখিল করতে পারেন এবং নির্দিষ্ট সময়েরে মধ্যে অভিযোগকারীকে অভিযোগের জবাব/তথ্য/করণীয় সম্পর্কে অবহিত করা হয়। এর মাধ্যমে কর্মী এবং তাঁর পরিবারের সাথে একদিকে যেমন সম্পৃক্ততা বৃদ্ধি পেয়েছে অন্যদিকে জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়েছে।

৯.৪ সোস্যাল মিডিয়া

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সঙ্গে নিবিড়ভাবে সম্পৃক্তকরণ এবং বোর্ডের কার্যক্রম সম্পর্কে সাধারন মানুষকে অবহিতকরণের জন্য ফেইসবুক পেইজ চালু করা হয়েছে। ফেইসবুক পেজে তাদের মন্তব্যের জবাব অথবা চাহিত তথ্যাদি সরবরাহ করা হয়।

৯.৫ ই-ফাইলিং

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে ওয়েজ আনার্স কল্যাণ বোর্ডের সকল কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পাদিত হচ্ছে। এর ফলে স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকরণের পাশাপাশি কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।

৯.৬ ইআরপি

বোর্ডের কার্যক্রমকে ডিজিটাইজড এবং তথ্য সংরক্ষণের ভান্ডার হিসেবে গড়ে তুলতে ই-ফাইলিং এর পাশাপাশি ইআরপি সিস্টেম চালু করা হয়েছে। যার মাধ্যমে বোর্ডকে অচিরেই পেপারলেস অফিস হিসেবে দেখা যাবে।

অধ্যায়-১০

ব্যয়ের বিবরণী (বোর্ড ও মিশন)

২০১৬-১৭ অর্থবছর

১০.১ বোর্ডের কেন্দ্রীয় ব্যয়

কোড নং	ব্যয়ের খাতসমূহ	ব্যয়ের বিবরণ (টাকা)
৪৫০০	**১। পরিচালনা পর্ষদ ব্যয়**	১৪,৪৫,৫৬২
	উপমোট	**১৪,৪৫,৫৬২**
	২। প্রশাসনিক ব্যয়	০
৪৫০১	অফিসারদের বেতন	১,৬১,৫০,৩৯৯
৪৬০১	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	১,৩৩,৪৮,৮৫৮
৪৭০৫	বাড়িভাড়া ভাতা	১,৫৩,৯৬,৯৪৮
৪৭০৯	শ্রান্তি বিনোদন ভাতা	১৫,৪৭,৪৪৯
৪৭১৩	উৎসব ভাতা	৫২,১৫,৬২৮
৪৭১৪	নববর্ষ ভাতা	৪০,৭৯,৯৩৫
৪৭১৭	চিকিৎসা ভাতা	১৮,৩৩,৪০০
৪৭২৫	ধোলাই ভাতা	৩৫,১০০
৪৭৩৩	আপ্যায়ন ভাতা	১২,০০০
৪৭৩৭	দায়িত্ব ভাতা	৪৪,৩২০
৪৭৫৫	টিফিন ভাতা	১,৪৩,৮৮৭
